


ডাকসু নির্বাচন

রিটকারী ছাত্রীকে গণধর্ষণের ভূমকি এক ছাত্রের



প্রতীকী ছবি

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

প্রকাশ: ০১ সেপ্টেম্বর ২০২৫ | ২২:৫৮ | আপডেট: ০২ সেপ্টেম্বর ২০২৫ | ০০:৩৭

(-) (অ) (+)

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ নির্বাচনে ছাত্রশিবির সমর্থিত প্যানেলের সাধারণ সম্পাদক প্রার্থী এস এম ফরহাদের প্রার্থিতা নিয়ে রিটকারী ছাত্রীকে ফেসবুক পোস্টে 'গণধর্ষণের' ভূমকি দেওয়ার অভিযোগ উঠেছে এক শিক্ষার্থীর বিরুদ্ধে। এ ঘটনায় শিক্ষার্থীসহ বিভিন্ন ছাত্রসংগঠনের নেতাকর্মীরা প্রতিবাদ জানিয়েছেন।

আজ মঙ্গলবার সারা দেশে শিক্ষাপ্রতিষ্ঠানে বিক্ষেপের ডাক দিয়েছে ছাত্রদল। এদিকে ওই শিক্ষার্থীর বিচারের দাবি জানিয়ে প্রষ্টরের কাছে লিখিত অভিযোগ দিয়েছে ছাত্রশিবির।

সোমবার রিটের পরিপ্রেক্ষিতে হাইকোর্ট ডাকসু নির্বাচন স্থগিতের আদেশ দেওয়ার পর ওই শিক্ষার্থী ফেসবুকে এই হৃষকি দেন। তিনি হলেন সমাজবিজ্ঞান বিভাগের ২০২০-২১ শিক্ষাবর্ষের শহীদ সার্জেন্ট জন্মবৃক্ষ হক হলের আবাসিক শিক্ষার্থী আলী হোসেন। তিনি ফেসবুক পোষ্টে লিখেছেন, ‘হাইকোর্টের বিপক্ষে এখন আন্দোলন না করে আগে একে গণধর্ষণের পদ্যাত্মা করা উচিত।’

ওই শিক্ষার্থী পরে একটি ভিডিও বার্তায় ক্ষমা চেয়েছেন। তিনি কোনো রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত নন দাবি করেছেন। তবে তার ফেসবুকের পূর্বের পোষ্টগুলোতে জামায়াতের কর্মসূচিতে অংশ নিতে দেখা গেছে। সেসময় তিনি ফেসবুক কমেন্টে নিজেকে শিবির সমর্থক বলে পরিচয় দিয়েছেন।

অন্যদিকে রিটকারী ওই ছাত্রী বি এম ফাহমিদা আলম তিন বামসংগঠন সমর্থিত ‘অপরাজেয় ৭১-অদম্য ২৪’ প্যানেল থেকে মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলনবিষয়ক সম্পাদক প্রার্থী হয়েছেন। সোমবার সকালে মধুর ক্যান্টিনে সংবাদ সম্মেলনে ফাহমিদা বলেন, এস এম ফরহাদ নিষিদ্ধ ছাত্রলীগের সঙ্গে সক্রিয়ভাবে সম্পৃক্ত ছিলেন এবং তাঁর পদত্যাগের কোনো প্রমাণ পাওয়া যায়নি। নিষিদ্ধ ছাত্রলীগে জড়িত থাকায় তার প্রার্থিতা নিয়ে তিনি অভিযোগ আনেন।

এস এম ফরহাদের সাথে ব্যক্তিগত কোনো বিরোধিতার জায়গা থেকে এই রিট করা হয়নি জানিয়ে তিনি বলেন, এটি এখন আদালত থেকেই মীমাংসিত হবে। কিন্তু এই রিট করার পর থেকে আমি নানা রকম বট অ্যাকাউন্ট থেকে বুলিংয়ের শিকার হচ্ছি।

গণধর্ষণের ভূমিকি দেওয়া ওই শিক্ষার্থীর এমন পোষ্টের প্রতিবাদ জানিয়ে গণতান্ত্রিক ছাত্রসংসদের প্যানেল থেকে এজিএস প্রার্থী আশরেফা খাতুন লেখেন, আমরা একটা সহনশীল ক্যাম্পাস নির্মাণে কাজ করছি। অর্থে ক্যাম্পাসের একটা মেয়েকে রাজনৈতিক কারণে গণধর্ষণের ভূমিকি দেওয়া হয়। এই ছেলেকে দ্রুত আইনের আওতায় আনতে হবে।

একই প্যানেলের ভিপি প্রার্থী আব্দুল কাদের বলেন, গণধর্ষণের ভূমিকি দেওয়ার মতো জঘন্য কাজ ঢাকা বিশ্ববিদ্যালয়ে চলতে দেওয়া হবে না।

আলী হোসেনের গণধর্ষণের ফেসবুক পোষ্টের স্ক্রিনশট শেয়ার করে সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক সামিনা লুৎফা লিখেছেন, রিট করার জন্য গণধর্ষণের ভূমিকি দেওয়ার অধিকার আলী হোসেনের নেই। তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হোক। তবে সেটাও হতে হবে যথাযথ প্রক্রিয়ায়।

এ ঘটনায় এস এম ফরহাদ বলেছেন, সে ছাত্রশিবিরের সঙ্গে জড়িত নয়। যাঁরা এটার সঙ্গে জড়িয়ে ছাত্রশিবির নিয়ে প্রোপাগান্ডা ছড়াচ্ছেন, তাঁদের বিরুদ্ধে আইনি পদক্ষেপ গ্রহণ করা হবে বলে ফেসবুক পোষ্টে জানিয়েছেন তিনি। তারা আলী হোসেনের বিরুদ্ধে আইনি ও প্রশাসনিক ব্যবস্থা নিতে প্রস্তরের কাছে লিখিত আবেদন করেছেন শিবিরের জিএস প্রার্থী ফরহাদ।

এ দিকে ছাত্রদলের দপ্তর সম্পাদক জাহাঙ্গীর আলম প্রেরিত বিজ্ঞপ্তিতে বলা হয়, তাবি শাখা ছাত্রশিবিরের সভাপতির প্রার্থিতা নিয়ে রিট আবেদনকারীকে শিবির নেতা কর্তৃক প্রকাশ্য গণধর্ষণের ভূমিকি ও সাইবার বুলিংয়ের প্রতিবাদে সারা দেশে বিক্ষোভ কর্মসূচি পালন করার আহ্বান জানানো হয়েছে। এতে বলা হয়, ছাত্রদলের সভাপতি রাকিবুল ইসলাম ও নাছির উদ্দিন কর্মসূচি পালনের আহ্বান জানিয়েছেন।